"

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

নং- ৪৭.৬২.০০০০.২০৮.২১.০০২.২১.১২৩৮ তারিখ: ০৫.০২.২০২৪ খ্রি.

**বিষয়: গাড়িচালকগণের ২০২৩ সনের বার্ষিক গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন হতে অব্যাহতি সংক্রান্ত।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নম্বর-০৫.০০.০০০০.১০২.৪৫.০০৬.২০-১৮ তারিখ: ২৯-০১-২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সুত্রস্থ পত্রের নির্দেশনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)-এর গাড়িচালকগণের ২০২৩ সনের বার্ষিক গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন গ্রহণের আবশ্যকতা হতে অব্যাহতি প্রদান করা হলো। একইসাথে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন ব্যতিরেকে বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিলের সময়সীমা ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা হলো। সুত্রস্থ পত্রের ছায়ালিপি এতৎসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

05-02-24
আক্কাছ আলী
উপপরিচালক (প্রশাসন)

নং- ৪৭.৬২.০০০০.২০৮.২১.০০২.২১.১২৩৮ তারিখ: ০৫.০২.২০২৪ খ্রি.

সদয় কার্যার্থে/জ্ঞাতার্থে প্রেরণ করা হলো:

১. যুগ্মপরিচালক (সকল),......................., বিআরডিবি, ঢাকা।
২. প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক (সকল),...................., বিআরডিবি, ঢাকা/ফরিদপুর/রংপুর/গাইবান্ধা।
৩. মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. উপপরিচালক (সকল), সদর দপ্তর, বিআরডিবি, ঢাকা।
৫. উপপরিচালক (সকল), বিআরডিবি ........................,জেলা।
৬. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/প্রশিক্ষণ/পরিকল্পনা) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. পরিচালক (বিআরডিটিআই)-এর একান্ত সহকারী, খাদিমনগর, সিলেট।

০৫.02.24
মোঃ রাহাত খান
উপপ্রকল্প পরিচালক (শৃঙ্খলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

নং- ০৫.০০.০০০০.১০২.৪৫.০০৬.২৩ – ১৮

তারিখঃ ১৫ মাঘ, ১৪৩০ / ২৯ জানুয়ারি ২০২৪

বিষয়: গাড়ীচালকদের ২০২৩ সনের গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন হতে অব্যাহতি প্রদানসহ দাখিলের সময়সীমা বৃদ্ধি।

সূত্র: ২২ নভেম্বর, ২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১০২.৪৫.০০৬.২৩-৬৫ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে জারীকৃত গাড়ীচালকদের জন্য ‘বাংলাদেশ ফর্ম নং ২৯০-চ (২০২৩) এর ১ম অংশে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন গ্রহণ আবশ্যক। কিন্তু সময় স্বল্পতার কারণে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা এবং সকল হাসপাতালে তাদের স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব নয় বিধায় গাড়ীচালকদের শুধুমাত্র ২০২৩ সনের বার্ষিক গোপনীয় অনুবেদনে স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন গ্রহণের আবশ্যকতা হতে অব্যাহতি প্রদান এবং স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদন ব্যতিরেকে গোপনীয় অনুবেদন দাখিলের সময়সীমা ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত বৃদ্ধি করা করা হলো।

২৯.০১.২০২৪
(শেলিনা খানম)
যুগ্মসচিব
ফোন-৫৫১০০৮৭৮।
cr3@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার বিনীত অনুরোধসহ)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/ সচিব (সকল)..............................................................মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাভার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার (সকল)..............................................................।
৫. মহাপরিচালক (সকল)..............................................................।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর /স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. অতিরিক্ত মহাপরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল।
৮. পরিচালক, সকল হাসপাতাল।
৯. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
১০. জেলা প্রশাসক (সকল)..............................................................।
১১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব (সকল).............................. মন্ত্রণালয়/বিভাগ।
১২. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অফিস কপি।